গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০১.২৪.৪১

বিষয়: **দাখিল/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটে বিভিন্ন সংশোধনীর নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি সংযুক্তি সংক্রান্ত।**

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০৫.২১-২৫; তারিখ: ২৪/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দাখিল/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটে বিদ্যমান নাম, পদবি, বিষয়, জন্মতারিখ, ব্যাংক হিসাব, ইনডেক্স নম্বর, প্রতিষ্ঠানের নামের বানান ইত্যাদি সংশোধনের প্রয়োজন হয়। শিক্ষক-কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তদন্তপূর্বক এমপিওশীটে চাহিত সংশোধনীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে।

কিন্তু কাগজপত্র/তথ্যাদি সঠিক না থাকায় চাহিত সংশোধনী তদন্তের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়। এজন্য নিম্নবর্ণিত তালিকা অনুসারে কাগজপত্র/তথ্যাদি সংযুক্তির জন্য নির্ধারণ করা হলো:

**ক। পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের জন্য (একসাথে সকল শিক্ষক/কর্মচারীর আবেদন করতে হবে):**

| ক্রমিক | প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি |
|---|---|
| ০১ | প্রত্যেক শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত অনুরূপ এমপিও কপি/শীট |
| ০২ | প্রত্যেক শিক্ষক-কর্মচারীর সকল একাডেমিক সনদের ফটোকপি |
| ০৩ | প্রত্যেক শিক্ষক-কর্মচারীর নিয়োগপত্র ও যোগদানপত্র |
| ০৪ | প্রত্যেক শিক্ষক-কর্মচারীর ১ম ও সর্বশেষ এমপিও কপি/শীট |
| ০৫ | প্রত্যেক শিক্ষক-কর্মচারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি |
| ০৬ | সংশ্লিষ্ট পদে নিয়োগ বিজ্ঞপ্তি/NTRCA তে শূন্য পদের অনলাইন চাহিদাপত্র (ই-রিকুজিশন) |
| ০৭ | সংশ্লিষ্ট পদে নিয়োগ কমিটি/বোর্ড কর্তৃক সুপারিশকৃত ফলাফল শীট অথবা NTRCA হতে সুপারিশপত্র |
| ০৮ | সংশোধন সংক্রান্ত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি |
| ০৯ | শিক্ষক-কর্মচারীর তালিকা ও বেতন বিলের কপি |
| ১০ | প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্র/আবেদনপত্র |
| ১১ | ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (পদবী ও বিষয় সংশোধন হলে কোন ধরনের আপত্তি থাকবে না মর্মে প্রতিষ্ঠান প্রধানকে অঙ্গীকার প্রদান করতে হবে, স্ট্যাম্পের প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সভাপতির প্রতিস্বাক্ষর থাকতে হবে) |

**খ। নামের ভুল বানান সংশোধনের জন্য (প্রত্যেক শিক্ষক/কর্মচারী কে আলাদা আলাদা আবেদন করতে হবে):**

| ক্রমিক | প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি |
|---|---|
| ০১ | ব্যক্তির আবেদনপত্র |
| ০২ | সকল একাডেমিক সনদের ফটোকপি |
| ০৩ | নিয়োগপত্র ও যোগদানপত্র |
| ০৪ | আবেদনকারীর ১ম ও সর্বশেষ এমপিও কপি/শীট |
| ০৫ | জাতীয় পরিচয় পত্রের ফটোকপি |
| ০৬ | জন্ম সনদ (যদি থাকে) |
| ০৭ | পাসপোর্টের ফটোকপি (যদি থাকে) |
| ০৮ | সংশোধন সংক্রান্ত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি |
| ০৯ | প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্র |
| ১০ | ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (নামের বানান সংশোধন হলে কোন আপত্তি থাকবে না মর্মে আবেদনকারীকে অঙ্গীকার প্রদান করতে হবে, স্ট্যাম্পের প্রতি পৃষ্ঠায় আবেদনকারীর স্বাক্ষর ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষর থাকতে হবে) |

**গ। জন্ম তারিখ সংশোধনের জন্য (প্রত্যেক শিক্ষকের আলাদা আলাদা আবেদন করতে হবে):**

| ক্রমিক | প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি |
|---|---|
| ০১ | ব্যক্তির আবেদনপত্র |

| | |
|---|---|
| ০২ | সকল একাডেমিক সনদের ফটোকপি |
| ০৩ | নিয়োগপত্র ও যোগদানপত্র |
| ০৪ | আবেদনকারীর ১ম ও সর্বশেষ এমপিও কপি/শীট |
| ০৫ | জাতীয় পরিচয়পত্রের ফটোকপি |
| ০৬ | জন্ম সনদ (যদি থাকে) |
| ০৭ | পাসপোর্টের ফটোকপি (যদি থাকে) |
| ০৮ | সংশোধন সংক্রান্ত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি |
| ০৯ | প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্র |
| ১০ | ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (জন্মতারিখ সংশোধন হলে কোন আপত্তি থাকবে না এবং বকেয়া দাবী করা যাবে না মর্মে আবেদনকারীকে অঙ্গীকার প্রদান করতে হবে, স্ট্যাম্পের প্রতি পৃষ্ঠায় আবেদনকারীর স্বাক্ষর ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষর থাকতে হবে) |

**ঘ। ব্যাংক হিসাব নম্বর সংশোধনের জন্য (প্রত্যেক শিক্ষক/কর্মচারীর আলাদা আলাদা আবেদন করতে হবে):**

| ক্রমিক | প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি |
|---|---|
| ০১ | ব্যক্তির আবেদনপত্র |
| ০২ | আবেদনকারীর ১ম ও সর্বশেষ এমপিও কপি/শীট |
| ০৩ | জাতীয় পরিচয়পত্রের ফটোকপি |
| ০৪ | সংশোধন সংক্রান্ত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি |
| ০৫ | সংশ্লিষ্ট ব্যাংক ব্যবস্থাপক কর্তৃক হিসাব নম্বর সংক্রান্ত প্রত্যয়ন ও চেক বই এর কভার পেজের ফটোকপি |
| ০৬ | প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্র |
| ০৭ | ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (ব্যাংক একাউন্ট সংশোধন হলে কোন ধরনের আপত্তি থাকবে না মর্মে আবেদনকারীকে অঙ্গীকার প্রদান করতে হবে, স্ট্যাম্পের প্রতি পৃষ্ঠায় আবেদনকারীর স্বাক্ষর ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষর থাকতে হবে) |

**ঙ। ইনডেক্স নম্বর সংশোধনের জন্য (প্রত্যেক শিক্ষক/কর্মচারীর আলাদা আলাদা আবেদন করতে হবে):**

| ক্রমিক | প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি |
|---|---|
| ০১ | ব্যক্তির আবেদনপত্র |
| ০২ | সকল একাডেমিক সনদের ফটোকপি |
| ০৩ | বর্তমান প্রতিষ্ঠানে নিয়োগপত্র ও যোগদানপত্র |
| ০৪ | পূর্বের প্রতিষ্ঠানের নিয়োগপত্র ও যোগদানপত্র |
| ০৫ | বর্তমান প্রতিষ্ঠানে ১ম ও সর্বশেষ এমপিও কপি/শীট |
| ০৬ | পূর্বের প্রতিষ্ঠানের ১ম ও সর্বশেষ এমপিও কপি/শীট |
| ০৭ | পূর্বের প্রতিষ্ঠানে পদত্যাগপত্র ও ছাড়পত্র |
| ০৮ | NTRCA এর সনদপত্রের ফটোকপি |
| ০৯ | NTRCA এর ছবিযুক্ত সুপারিশপত্র |
| ১০ | জাতীয় পরিচয়পত্রের ফটোকপি |
| ১১ | সংশোধন সংক্রান্ত রেজুলেশন |
| ১২ | প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র |
| ১৩ | ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (ইনডেক্স নম্বর সংশোধন হলে কোন আপত্তি থাকবে না মর্মে আবেদনকারীকে অঙ্গীকার প্রদান করতে হবে, স্ট্যাম্পের প্রতি পৃষ্ঠায় আবেদনকারীর স্বাক্ষর ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষর থাকতে হবে) |

**চ। মাদ্রাসার নামের বানান সংশোধন/পরিবর্তনের জন্য:**

| ক্রমিক | প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি |
|---|---|
| ০১ | প্রতিষ্ঠান প্রধানের আবেদনপত্র |
| ০২ | গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতির অগ্রায়নপত্র |
| ০৩ | মাদ্রাসার নাম সংশোধন/পরিবর্তন সংক্রান্ত মন্ত্রণালয়ের আদেশের কপি |
| ০৪ | মাদ্রাসার নাম সংশোধন সংক্রান্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সিদ্ধান্তের কপি |
| ০৫ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের হালনাগাদ স্বীকৃতির কপি যেখানে সংশোধিত নাম উল্লেখিত আছে |
| ০৬ | ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হালনাগাদ অধিভুক্তি নবায়নের কপি যেখানে সংশোধিত নাম উল্লেখিত আছে (ফাজিল/কামিল মাদ্রাসার ক্ষেত্রে) |

| | |
|---|---|
| ০৭ | মাদ্রাসার নাম পরিবর্তন/সংশোধনের বিষয়ক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সিদ্ধান্তের কপি (ফাজিল/কামিল মাদ্রাসার ক্ষেত্রে) |
| ০৮ | সংশোধন বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক সিদ্ধান্তের কপি (ফাজিল/কামিল মাদ্রাসার ক্ষেত্রে) |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নের মূলকপি |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রত্যয়নের মূলকপি |
| ১১ | সংশোধন সংক্রান্ত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি |
| ১২ | প্রতিষ্ঠানের ১ম ও সর্বশেষ এমপিও কপি/শীট |
| ১৩ | ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (প্রতিষ্টানের নামের বানান সংশোধন/পরিবর্তন হলে কোন আপত্তি থাকবে না মর্মে প্রতিষ্ঠান প্রধানকে অঙ্গীকার প্রদান করতে হবে, স্ট্যাম্পের প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সভাপতির প্রতিস্বাক্ষর থাকতে হবে) |

এমতাবস্থায় সকল দাখিল/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত শিক্ষক/কর্মচারীদের উল্লেখিত তালিকা অনুসারে কাগজপত্রাদি সংযুক্ত করে এমপিও শীটে বিদ্যমান নাম, পদবি, বিষয়, জন্মতারিখ, ব্যাংক একাউন্ট, ইনডেক্স নম্বর, প্রতিষ্ঠানের নাম সংশোধনের আবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য সকল কাগজপত্র প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংশোধন পরবর্তী কোন ধরনের অসঙ্গতি পরিলক্ষিত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পদবীর সংক্ষিপ্ত রূপ

০৪-০৩-২০২৫
বেনজীর আহমেদ
সহকারী পরিচালক
+০২৪১০৩০১৬৭

.
সভাপতি /অধ্যক্ষ/সুপার............(সকল মাদ্রাসা)।

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০১.২৪.৪১/১ (৭)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা নির্বাহী অফিসার.........(সকল)।
৪। অধিদপ্তরের সকল কর্মকর্তা (উপ-পরিচালক, প্রাশাসন, মাশিঅ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ...........(সকল)।
৬। এমপিওভুক্ত শিক্ষক/কর্মচারী, ..........(সকল)।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

০৪-০৩-২০২৫
বেনজীর আহমেদ
সহকারী পরিচালক